THREE YEAR B.A. BENGALI GENERAL COURSE (CBCS)

SEMESTER WISE COURSE OUTCOME

## SEMESTER - ONE

### CC -1A: প্রবন্ধ সাহিত্য: বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ

উনিশ শতকের দুই প্রবাদপ্রতিম ব্যক্তিত্বের স্পর্শে বাংলা প্রবন্ধ সাহিত্য যেরকম পরিপূর্ণতার রূপ পরিগ্রহণ করেছিল তার পরিচয় এই পর্বে ছাত্র ছাত্রীরা লাভ করতে পারবে। উপনিবেশের অনিবার্যনীয় পরিণতির ফলশ্রুতি বাংলা সমাজ ও সংস্কৃতিতে কীভাবে পড়েছিল তার পরিচয় শিক্ষার্থীরা লাভ করতে পারবে। পাশাপশি রবীন্দ্রনাথ বাংলা সমালোচনা সাহিত্যিকে যেভাবে শিল্পের পর্যায়ে নিয়ে গিয়েছেন তার পরিচয় শিক্ষার্থীরা পাবে।

## SEMESTER -TWO

### CC-1B: গল্পঃপ্রভাতকুমারও শরৎচন্দ্র

বাংলা ছোটগল্পেররবীন্দ্রসমসাময়িকতারপরিচয় এই পর্বে শিক্ষার্থীরা পাবে। গ্রামীণ সমাজ ও মানুষের বিচিত্রগামিতাতৎকালীনসময়েরচিহ্নকে যেভাবে ধারণ করে আছে শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। দুই গল্পকারেরগল্পের বিষয়,নির্মাণ শৈলী, জীবন দর্শনের ভিন্নতার তুলনামূলক পাঠ তারা নিতে পারবে।

### CC -L2-1: বাংলা ছোটগল্প

বাংলা ছোটগল্পেরবিশ শতকের বহুমুখী প্রবণতা সম্পর্কে শিক্ষার্থীরা সচেতন হবে।নর ও নারীর বহুমুখী জীবনের সাহিত্যে প্রতিফলন বিষয়ে শিক্ষার্থীরা সচেতন হবে। ভিন্ন সমাজের বিবিধ শ্রেণির মানুষের কর্মপন্থার সঙ্গে তাদের নিবিড়পরিচয় হবে।

Dr. Pradipta Kumar Basu
OFFICER IN CHARGE, W.B.E.S.
Government General Degree College, Mangalkote
Dt. Purba Bardhaman, West Bengal- 713132

Government General Degree College • Mangalkote •

## *SEMESTER -THREE*

### CC-1C: বাংলা সাহিত্যের ইতিহাস

প্রাচীন ও মধ্যযুগেরবাংলা সাহিত্যের সমাজ, ইতিহাসসম্পর্কে ছাত্র ছাত্রীরা সচেতন হবে।বৃহৎ পরিসরে বাংলা সাহিত্যের ভাষার বিবর্তন সম্পর্কে তারা অবহিত হবে।পৃষ্ঠপোষকতারসঙ্গে সাহিত্যের সম্পর্ক সমন্ধে তারা অবহিত হবে। বাংলা ও বাঙালিরসাহিত্যিক পরিচয় তারা পাবে।উপনিবেশ পর্বে ইংরেজ শাসনের ফল হিসাবে বাংলায়যেআধুনিকতারছোঁয়ালেগেছিলবাংলা সাহিত্যে তার প্রতিফলন সর্বাত্মক। এই পর্বের ইতিহাস পাঠ ছাত্র ছাত্রীদেরআধুনিকতারস্বরূপ সন্ধানেসহায়তা করবে। এইপর্বেশিক্ষার্থীদেরসাহিত্যের নতুন সংরূপের সঙ্গে পরিচয় ঘটবে। পাশ্চাত্য সাহিত্য কীভাবে প্রাচ্য সাহিত্যকে প্রবল ভাবে প্রভাবিত করেছিল সেই সম্পর্কে ছাত্র ছাত্রীরা অবহিত হবে। ইতিহাসে সাময়িকপত্রের বিবর্তন, স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী সময়ের সৃষ্ট সাহিত্যের তুলনামূলক আলোচনা তারা করতে পারবে। সমাজে আর সাহিত্যে নারীদের পরিবর্তিত অবস্থান সম্পর্কে তারা অবহিত হবে।

### SEC-1:বাংলা ব্যাকরণ

এই পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা সঠিক ভাবে বাংলা পাঠ ও লিখতে শিখবে। শব্দের উৎস, বিবর্তন ও সঠিক ব্যবহার করতে শিখবে। নতুন শব্দ তৈরির কৌশল সম্পর্কে অবহিত হবে। শব্দের সঠিক বানান সম্পর্কে তারা সচেতন হবে।

## *SEMESTER -FOUR*

### CC -1D:ভাষাতত্ত্ব

প্রাচীন ভারতীয়আর্যভাষা থেকে আধুনিক ভারতীয়আর্যভাষার বিবর্তন ও বিকাশ সংক্রান্ত ঐতিহাসিক পাঠ শিক্ষার্থীদের ভাষাবিজ্ঞান সম্পর্কে সচেতন করে তুলতে সক্ষম হবে এই পর্বে। ভাষাতত্ত্ব ও শব্দতত্ত্ব সম্পর্কে বিস্তারিত ও অনুপুঙ্খ পাঠ বৈজ্ঞানিক ভাবে ব্যাকরণের সূত্রগুলিকে বুঝতে সাহায্য করবে। আবার মানুষের মৌখিক ভাষার বিবর্তিত বহুরূপকে বিশ্লেষণে তাদের সাহায্য করবে।

Dr. Pradipta Kumar Basu
OFFICER IN CHARGE, W.B.E.S.
Government General Degree College, Mangalkote
Dt. Purba Bardhaman, West Bengal- 713132

## CC –L2-2 : বাংলা কবিতা

সমকাল,বিবর্তিতসময়, নবজাগণের চেতনা, স্রষ্টার জীবন দর্শন কবিতাকে কীভাবে কাব্যকেপ্রভাবিত করতে পারে সেই বিষয়ে শিক্ষার্থীরা সম্যক ধারণা লাভ করতে পারবে। ফলত কবিতা পাঠে শিক্ষার্থীরা শুধুই কাব্য সৌন্দর্য নয়, একইসঙ্গেযুগগত প্রবণতা, সমকালীন সামাজিক, রাজনৈতিক উপাদান সন্ধানে ব্রতীহবে।পাশাপাশি ছাত্র ছাত্রীরা বিভিন্ন কবির ভিন্ন ভিন্ন কবিতার মধ্যে একটা তুলনামূলক আলোচনা করতে পারবে।

## SEC-2:রচনা শক্তির নৈপুণ্য

সৃজনশীল রচনা নির্মাণে এই পর্ব পড়ুয়াদের সহায়তা করবে। ভবিষ্যতে স্ক্রিপ্ট লেখার কাজে,নিজেরভাবপ্রকাশে, সংবাদ পত্রে প্রতিবেদন রচনায়, বিভিন্ন প্রতিযোগিতামূলকপরীক্ষায়,

## *SEMESTER -FIVE*

## CC-DSE-1A: উনিশ শতকের বাংলা উপন্যাস/বাংলা গল্প

এই পর্বে উনিশশতকের উপন্যাসের বিষয়, নির্মাণশৈলীআলোচনা করতে শিক্ষার্থীরা সমর্থ হবে। সমাজ ও সাহিত্যের ক্যানভাসে মানব জীবনের খুঁটি নাটি বিষয়কে আত্মোপলব্ধিরচেতনায় তারা অনুধাবন করতে পারবে।তারা জীবনের সামগ্রিকতাকে উপলব্ধি করতে পারবে।কথাসাহিত্যের অন্তর্গত এই সংরুপ পাঠে শিক্ষার্থীরা ছোটগল্পেরসূচনা,ইতিহাস ও বহুমাত্রিক বিবর্তন সম্পর্কে সচেতন হবে। দৃষ্টিভঙ্গির গভীরতা ও স্রষ্টার জীবনদর্শনসমন্ধে তারা সচেতন হবে। বিন্দুতে সিন্ধু দর্শনের উপলব্ধি তাদের হবে। ব্যক্তি ও সমাজের দ্বন্দ্বমূলক অবস্থান সম্পর্কে তাদের উপলব্ধি হবে। পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ঘটনাক্রমছোটগল্পকে যে সূক্ষ্মভাবেপ্রভাবিত করেছে ছাত্র ছাত্রীরা তা উপলব্ধি করতে পারবে। রবীন্দ্র ও আধুনিক ছোটগল্পের মধ্যে তারা তুলনামূলক আলোচনা করতে পারবে।

## GE -1:উনিশ শতকের বাংলাপ্রবন্ধ

প্রবন্ধ পাঠে উনিশ শতকের নূতন জাগ্রত চেতনা ও পরবর্তী শতকে তার প্রবাহ শিক্ষার্থীদের মানবতাবাদ ও মুক্তচিন্তায়উৎসাহিত করবে। সমালোচনা সাহিত্য ছাত্র ছাত্রীদের

Dr. Pradipta Kumar Basu
OFFICER IN CHARGE, W.B.E.S.
Government General Degree College, Mangalkote
Dt. Purba Bardhaman, West Bengal- 713132

Government General Degree College Mangalkote

যুক্তিসিদ্ধসাহিত্যবোধ নির্মাণ ও বিশ্লেষণে সাহায্য করবে। প্রাবন্ধিকের মনন ও চিন্তনের গভীরতার সঙ্গে তাদের পরিচয় ঘটবে। বাংলা ভাষার অন্তর্নিহিত সৃজশীলতাকেপড়ুয়ারা অনুধাবন করতে পারবে।

## SEC-3: প্রবন্ধ ও প্রতিবেদন রচনা

এই পর্বে শিক্ষার্থীরা একটি নির্দিষ্ট বিষয়ে নিজের সৃজনশীলতার প্রকাশ কীভাবে করতে হয়তা শিখবে। তাদের চিন্তনের বিকাশ ঘটবে।সমকালীনকোনো বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে নিজের বক্তব্যকে সঠিকভাবেউপস্থাপন করতে পারবে।কর্মজগতে প্রবেশের ক্ষেত্রে শিক্ষার্থীরা বিভিন্ন পরীক্ষায়এই শিক্ষণকে ব্যবহার করতে পারবে।

# *SEMESTER-SIX*

## CC-DSE-1B:উনিশ শতকের বাংলা নাটক/প্রবন্ধ

সমাজ ও সভ্যতার দায়নাট্যশিল্পযেভাবে ধারণ করে নাট্যমঞ্চেরইতিহাসপাঠ ও নাট্যমঞ্চের মূল্যায়নে তা উপলব্ধি করবে শিক্ষার্থী সমাজ। স্রষ্টা আর পাঠক ছাড়াও দর্শকের সক্রিয় ভূমিকা সম্পর্কে তারা উপলব্ধি করতে পারবে। ইতিহাস ও সমাজের অবধারিত প্রভাবে নাট্য সাহিত্য ও মঞ্চের বিবর্তন সম্পর্কে তারা অবহিত হবে। প্রবন্ধ পাঠে উনিশ শতকের নূতন জাগ্রত চেতনা ও পরবর্তী শতকে তার প্রবাহ শিক্ষার্থীদের মানবতাবাদ ও মুক্তচিন্তায়উৎসাহিত করবে। সমালোচনা সাহিত্য ছাত্র ছাত্রীদের যুক্তিসিদ্ধসাহিত্যবোধ নির্মাণ ও বিশ্লেষণে সাহায্য করবে। প্রাবন্ধিকের মনন ও চিন্তনের গভীরতার সঙ্গে তাদের পরিচয় ঘটবে। প্রাচ্য কাব্যতত্ত্বের বৈশ্বিক বিস্তৃতি সম্পর্কে তারা সচেতন হবে। পাঠকের অপরিসীম গুরুত্বকে তারা উপলব্ধি করতে পারবে।

## GE -2: উনিশ শতকের বাংলা ভ্রমণ সাহিত্য ও চিঠিপত্র

বাঙালিরপায়েরতলায়সর্ষে, গণ্ডির বাধা অতিক্রম করে মুক্তির আনন্দ বাংলা ভ্রমণ সাহিত্যেরজন্মদিয়েছে।আবেগের বহিঃপ্রকাশ, দেশ কাল প্রকৃতির সঙ্গে পড়ুয়ারা পরিচিত হবে।প্রথাগতসাহিত্যের পাশাপশিভ্রমণ সাহিত্যের স্বতন্ত্রতা বিষয়ে শিক্ষার্থীরা নতুন অভিজ্ঞতা লাভ

করতে পারবে। মানস ভ্রমণের অপূর্ব অনুভূতি তারা উপলব্ধি করতে পারবে।চিঠিপত্র যে আন্তঃসম্পর্ক নির্মাণে সেতুবন্ধনের কাজ করতে পারে তারা তা অনুভব করতে পারবে।চিঠিপত্রের মধ্য দিয়ে শুধুই হৃদয় অনুভূতি নয়,- দেশ, কাল, সমাজ, ইতিহাসের অতি গুরুত্বপূর্ণ দলিল হয়ে উঠতে পারে শিক্ষার্থীরা তা জানতে পারবে। মানুষের মধ্যে থাকা অন্য আর একটা মানুষকে আবিষ্কার করতে পারে এই পত্রসাহিত্য,পড়ুয়ারা তা উপলব্ধি করতে পারবে।

## SEC-4: ব্যবহারিকবাংলাচর্চা ও অনুবাদচর্চা

বিভিন্ন ভাষার সাহিত্যের মধ্যে আন্তঃসম্পর্কসন্ধান সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বিষয়। তুলনামূলক আলোচনা ও পারস্পরিক প্রভাব এক্ষেত্রে একটি নতুন পাঠের আকর্ষণীয় ক্ষেত্র। তুলনামূলক সাহিত্য পাঠের প্রথম ধাপ নিজের ভাষা ভিন্ন অন্য ভাষার সাহিত্য অনুসন্ধান। এই পাঠ্যসূচির দ্বারা শিক্ষার্থীরা অতীত ঐতিহ্যের প্রাচ্যধারারসঙ্গে আধুনিক পাশ্চাত্য সংস্কৃতির সঙ্গে মেলবন্ধন ঘটাতে সমর্থ হবে। অনুবাদের ক্ষেত্রে শিক্ষার্থীরা অন্য ভাষার ও দেশের সাহিত্যের সঙ্গে পরিচিত হবে। এর ফলে একদিকে যেমন তারা তুলনামূলক পাঠ নিতে পারবে অন্যদিকে সাহিত্যের বৈশ্বিক বিস্তৃতি সম্পর্কে তারা অবহিত হবে।

Dr. Pradipta Kumar Basu
OFFICER IN CHARGE, W.B.E.S.
Government General Degree College, Mangalkote
Dt. Purba Bardhaman, West Bengal- 713132

Government General Degree College Mangalkote